



তথ্যবিবরণী

নম্বর- ০১৪

সমবায়ের মাধ্যমে চাষাবাদ করার আহ্বান পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর

রাজশাহী; ৩০ আষাঢ় (১৪ জুলাই):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি বলেছেন, কৃষি মন্ত্রণালয় এবং সমবায় বিভাগের সমন্বিত উদ্যোগে কৃষি সমবায় সমিতি গঠন করে সকল কৃষি জমিকে এর আওতায় এনে চাষাবাদ করা হবে। এতে কৃষকরা তাদের উৎপাদিত কৃষি পণ্য সমবায় বাজারে বিক্রয় করতে পারবে।

আজ রবিবার (১৪ জুলাই) বেলা এগারোটায় রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলা পরিষদ হলরুমে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সুদমুক্ত ঋণ, অসহায় দরিদ্র ব্যক্তি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত শিক্ষার্থী ও ব্যক্তিদের পুনর্বাসন ও অর্থ সহায়তা বিতরণ, নাবী পাট বীজ উৎপাদনকারী চাষীদের মাঝে বিনামূল্যে নাবী পাট বীজ, রাসায়নিক সার ও কীটনাশক বিতরণ, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গরীব, দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক শুকনা খাবার বিতরণ, 'ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের আওতায় অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ ও ডেঙ্গু রোগ নিয়ন্ত্রণে বিভিন্ন উপকরণ বিতরণ এবং প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাত্মক বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতায় আদিবাসী শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি এবং বাইসাইকেল বিতরণসহ সরকারের বিভিন্ন অনুদান বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

আব্দুল ওয়াদুদ বলেন, দুর্গাপুরে সুবিধামত জায়গায় সুবিধাজনক সময়ে সমবায় বাজার তৈরি করা হবে। এই বাজারে কৃষকরা উৎপাদিত পণ্য দালালের খপ্পর ব্যতীত সঠিক দামে বিক্রয় এবং ভোক্তারা সঠিক দামে পণ্য ক্রয় করতে পারবে। দালালরা যাতে পণ্যের আর্টিফিসিয়াল ক্রাইসিস (কৃত্রিম সংকট) তৈরি করতে না পারে সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে।

প্রতিমন্ত্রী বলেন, এখানে যে পেঁয়াজের দাম মাত্র ৪০-৫০ টাকা অথচ ঢাকায় সেই পেঁয়াজের দাম ১৫০ টাকা। এটা হয়েছে শুধু মাত্র মধ্যস্থত্বভোগীদের দৌরাত্বের কারণে। কৃষি সম্প্রসারণ বিভাগ, সমবায় বিভাগ এবং আপনাদের সহযোগিতায় এই সিডিকেটের কিরুদে কাজ করবো। তা না হলে আমাদের দেশের এই সীমিত সম্পদ দিয়ে সামনে এগোনো সম্ভব হবে না।

সমবায় ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, সমবায়কে আমাদের মূল ভিত্তি করতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জমি ও সম্পদের মালিকানার আইনে কীভাবে সমবায় সমিতি সম্পদের মালিক হবে তার নির্দেশনা দিয়েছিলেন। এ সময় ব্যক্তি, ইন্ডাস্ট্রি এবং সমবায় সম্পদের এ তিন প্রকার মালিকানার কথা তিনি উল্লেখ করেন।

তিনি আরও বলেন, শুধু দুর্গাপুর আর পুঠিয়া নয়, প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুরো রাজশাহী অঞ্চলের চেহারা বদলে দেয়ার জন্য আমরা কতগুলো কর্মসূচি বাস্তবায়ন করছি যা অতি শীঘ্রই দেখতে পাবেন। দুর্গাপুরে আগামী পাঁচ বছরে প্রায় ১৫০ কোটি টাকা ব্যয়ে রাস্তা করা হবে যার মধ্যে ২৫ কোটি টাকা ইতোমধ্যে পেয়েছি। আরেকটি প্রায় সাড়ে ৫০০ কোটি টাকার প্রকল্প একনেকে উপস্থাপন করেছি যা দিয়ে ৪১০ কিলোমিটার নদী খনন করা হবে। আগামী শীত মৌসুম থেকে টেন্ডার করতে পারবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

অস্বচ্ছল মেয়েদের উদ্দেশে প্রতিমন্ত্রী বলেন, ২০ বছর আগে মেয়েরা কী পেয়েছেন আর এখন কী পাচ্ছেন তা আপনাদের সকলের জানা। মেয়েদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা যা করেছেন তা ভাবনার অতীত। আজ বাংলাদেশের সকল জায়গায় মেয়েরা কাজ করছে। তারা নিজেদের মেলে ধরার সুযোগ পাচ্ছে।

এ সময় তিনি স্মার্ট বাংলাদেশ গড়তে সত্যপথে চলতে এবং সত্য কথা বলতে সকলের প্রতি আহ্বান জানান।

পুঠিয়া উপজেলা নির্বাহী অফিসার স্বীকৃতি প্রামাণিক এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ শরিফুজ্জামান বক্তৃতা করেন। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারি, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক ব্যক্তিবর্গ, উপকারভোগী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে প্রতিমন্ত্রী উপকারভোগীদের হাতে সরকারের বিভিন্ন অনুদান তুলে দেন।

পরে প্রতিমন্ত্রী উপজেলা পরিষদ চত্বরে একটি তাল গাছের চারা রোপণ করেন।

.....
তৌহিদ/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৬:০০ ঘ.